

জনতা ব্যাংক লিমিটেড  
ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট  
প্রধান কার্যালয়, ঢাকা

ফোন: ৯৫৬৫৩৮৫, ৯৫৫১৭২৬

প্রচার বিজ্ঞপ্তি নং-২৪০/১৭

তারিখঃ-১৫/০৫/২০১৭ ইং  
০১ জ্যৈষ্ঠ ১৪২৪

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক  
স্থানীয় কার্যালয়/বিভাগীয় অফিস/এরিয়া অফিস  
সকল কর্পোরেট শাখা/ সকল শাখা ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ।


বিষয়ঃ- জনাব তোফায়েল আহমেদ, সিনিয়র অফিসার (এসও-৮৫২৫), জনতা ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ এর স্ত্রী জনাব শারমিন সুলতানা এর উভয় কিডনি বিকল হওয়ার কারণে চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদানের আহবান জানিয়ে এক দিনের লাঞ্চ সাবসিডি প্রদানের প্রসংগে।


প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ এর সিনিয়র অফিসার জনাব তোফায়েল আহমেদ (এসও-৮৫২৫) এর স্ত্রী জনাব শারমিন সুলতানা ময়মনসিংহ ফুলবাড়িয়া বিশ্ববিদ্যালয় কলেজের নন এমপিওভুক্ত ইংরেজী বিভাগের প্রভাষক, দীর্ঘদিন যাবৎ দূরারোগ্য কিডনী রোগে আক্রান্ত। বর্তমানে তাঁর দুটো কিডনীই ৯৫% অকার্যকর হয়ে গেছে বিধায় অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ মোতাবেক জরুরী ভিত্তিতে কিডনী ট্রান্সপ্লান্ট (প্রতিস্থাপন) ছাড়া তাঁর আর কোন বিকল্প চিকিৎসা নেই। অত্যন্ত ব্যয়বহুল এ চিকিৎসা করতে প্রায় ৩০-৪০ লক্ষ টাকার মত খরচ হবে যা তাঁর নিজের ও পরিবারের আত্মীয় স্বজনদের আর্থিক ক্ষমতার বাইরে। তিনি আরও উল্লেখ করেছেন দীর্ঘ ৫-৬ বছর যাবৎ দূরারোগ্য কিডনী রোগের চিকিৎসা চালিয়ে যেতে ইতিমধ্যে প্রায় ৬-৭ লক্ষ টাকা খরচ গেছে। ফলে তিনি মাননীয় সিইও এন্ড এমডি মহোদয় বরাবরে আর্থিক সাহায্যের আবেদন করেন।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি অথবা সম্ভব হলে তার চেয়ে বেশী পরিমাণ আর্থিক সাহায্য তাঁর সঞ্চয়ী হিসাব নং-০০৫১১১০০০৯২৩২, নাম- তোফায়েল আহমেদ, জনতা ব্যাংক লিমিটেড, ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

  
শাহ মোঃ আসাদ উল্লাহ  
উপ-মহাব্যবস্থাপক

  
মো: সাজেদুর রহমান  
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

- ১। কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পিএস টু সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সিনিয়র কনসালট্যান্টবৃন্দের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। মহাব্যবস্থাপকবৃন্দের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, স্থানীয় কার্যালয়, জনতা ভবন কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় ঢাকা-উত্তর, ঢাকা-দক্ষিণ, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর, বরিশাল, কুমিল্লা, ময়মনসিংহ ও ফরিদপুর।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। চীফ এক্সিকিউটিভ অফিসার, জনতা ব্যাংক লিমিটেড, সংযুক্ত আরব আমিরাত।